



সংবাদ বিজ্ঞপ্তি

নোবিপ্রবির সঙ্গে তুরস্কের ৬টি বিশ্ববিদ্যালয়ের সমঝোতা স্মারক স্বাক্ষর

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) সঙ্গে তুরস্কের ছয়টি বিশ্ববিদ্যালয়ের সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়েছে। এরমধ্যে তুরস্কের আদিয়ামান বিশ্ববিদ্যালয়ের সঙ্গে ইরাসমাস প্লাস এবং অন্য পাঁচটি বিশ্ববিদ্যালয়ের সঙ্গে শিক্ষা ও গবেষণায় যৌথ সহযোগিতামূলক চুক্তি সই হয়েছে।

আজ মঙ্গলবার (১৭ সেপ্টেম্বর ২০২৪) নোবিপ্রবি উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল নোবিপ্রবির পক্ষে এ চুক্তিসমূহে স্বাক্ষর করেন। অন্যদিকে ইরাসমাস প্লাস চুক্তির আওতায় আদিয়ামান বিশ্ববিদ্যালয়ের পক্ষে চুক্তিতে স্বাক্ষর করেন প্রতিষ্ঠানটির ভাইস-রেक्टर অধ্যাপক ড. সিলিন ইউকসেল পার্কটাস। আর অন্য পাঁচটি বিশ্ববিদ্যালয়ের (আঙ্কারা বিশ্ববিদ্যালয়, আঙ্কারা ইলদিরিম বেয়াজিত বিশ্ববিদ্যালয়, ইজমির টেকনিক্যাল বিশ্ববিদ্যালয়, সাকারিয়া বিশ্ববিদ্যালয় ও ইস্তাম্বুল গেলিশিম বিশ্ববিদ্যালয়) পক্ষে নিজ নিজ প্রতিষ্ঠানের রেक्टरবৃন্দ স্বাক্ষর করেন।

নোবিপ্রবি ইন্টারন্যাশনাল কোলাবোরেশন ও কো-অপারেশন সেন্টার (আইসিসিসি) অফিসের তত্ত্বাবধানে ভার্চুয়াল চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানের আয়োজন করা হয়। এসময় উপস্থিত ছিলেন, নোবিপ্রবি ফার্মেসী বিভাগের চেয়ারম্যান ও রিসার্চ সেলের পরিচালক অধ্যাপক ড. মুহাম্মদ শফিকুল ইসলাম, ভাষা শহীদ আবদুস সালাম হলের প্রভোস্ট অধ্যাপক ড. মোহাম্মদ হানিফ, বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মো. আতিকুর রহমান ভূঞা, শিক্ষা বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মো. জাহাঙ্গীর সরকার, নোবিপ্রবি ইন্টারন্যাশনাল কো-অপারেশন এন্ড কোলাবোরেশন সেন্টারের অতিরিক্ত পরিচালক অধ্যাপক ড. রোকনুজ্জামান সিদ্দিকী, ফার্মেসী বিভাগের সহযোগী অধ্যাপক ড. ফহদ হুসাইন ও ইন্টারন্যাশনাল কোলাবোরেশন অফিসার আবু জুবায়ের।

ইফতেখার হোসাইন

সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

মোবা ০১৭৩৩৯৯৮৮৯৪